

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮.১৪৩

তারিখ: ৫ কার্তিক ১৪২৬

২১ অক্টোবর ২০১৯

বিষয়: নির্ধারিত সময়সূচি অনুযায়ী শ্রেণি কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ইদানিং মাদ্রাসা পরিদর্শনের সময় পরিলক্ষিত হচ্ছে বেশ কিছু মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক কর্মচারীগণ নির্দিষ্ট সময়ে প্রতিষ্ঠানে উপস্থিত হওয়া/অ্যাসেম্বলি করা/নির্ধারিত সময় পর্যন্ত (সকাল ১০.০০-বিকাল ৪.০০ টা পর্যন্ত) প্রতিষ্ঠানে অবস্থান করা/মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা করা সহ বেশ কিছু বিষয় সঠিক ভাবে প্রতিপালিত হচ্ছে না।

০২. উপরিউক্ত বিষয়সমূহ সঠিক ভাবে প্রতিপালন করার জন্য মাদ্রাসার অধ্যক্ষ/সুপার/শিক্ষক/কর্মচারীবৃন্দকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৩. উল্লেখ্য যে, নির্ধারিত সময়সূচি অনুযায়ী শ্রেণি কার্যক্রম পরিচালনাসহ মাল্টিমিডিয়া ক্লাসরুম সুষ্ঠুভাবে পরিচালনা এবং ল্যাব উপকরণ যত্ন সহকারে ব্যবহার না করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২-১০-২০১৯

মোঃ সাইফুল ইসলাম

উপ-পরিচালক (প্রশাসন)

অধ্যক্ষ/সুপার..... মাদ্রাসা,

উপজেলা....., জেলা.....।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮.১৪৩/১(৪)

তারিখ: ৫ কার্তিক ১৪২৬

২১ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) প্রকল্প পরিচালক, ৬৫৩ মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন শীর্ষক প্রকল্প, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৩) জেলা শিক্ষা অফিসার, সকল জেলা, (তঁার আওতাধীন সকল মাদ্রাসায় অবহিতকরণের অনুরোধসহ)
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা, (তঁার আওতাধীন সকল মাদ্রাসায় অবহিতকরণের অনুরোধসহ)

২২-১০-২০১৯

মোঃ সাইফুল ইসলাম

উপ-পরিচালক (প্রশাসন)